

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০

www.idra.org.bd

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/ ১১ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৭৫-আইন/২০১২।- বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৮০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রবিধানমালার-

(ক) প্রবিধান ৩(ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর চার বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রীর অধিকারী। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হইবে। তবে বিদেশী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীধারীদের বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে সমতাকরণ সার্টিফিকেট দাখিল করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, কোন বীমা কোম্পানিতে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে কোন ব্যক্তির নিয়োগ ইতোপূর্বে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়া থাকিলে, তাহার ক্ষেত্রে উপরোল্লিখিত শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য হইবে।”

(খ) প্রবিধান ৩(খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(খ) ইতোপূর্বে কোন বীমা কোম্পানিতে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে বা উহার অব্যবহিত নিম্নপদে অনূ্যন ২ (দুই) বৎসর কর্ম অভিজ্ঞতাসহ বীমা ব্যবসায় অনূ্যন ১২ (বার) বৎসরের কাজের অভিজ্ঞতা;

তবে, বীমাকারীর প্রস্তাবনার প্রেক্ষিতে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে উপরোল্লিখিত শর্তের ব্যত্যয় ঘটিয়ে নিম্নবর্ণিত ক্ষেত্রে মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ অনুমোদন করিতে পারিবে,

(অ) সরকার বা সরকারী কোন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কোন বীমা কোম্পানি যাহার ৫০% এর বেশি শেয়ারের মালিকানা সরকার বা সরকার সংশ্লিষ্ট সরকারী দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের রহিয়াছে এইরূপ বীমা কোম্পানির ক্ষেত্রে;

(আ) আন্তর্জাতিকভাবে সুপরিচিত বহুজাতিক বীমা কোম্পানিতে উর্ধ্বতন ব্যবস্থাপনা পদে কমপক্ষে ১০(দশ) বৎসরের বীমা বিষয়ক কাজে সরাসরি অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে;

(গ) প্রবিধান ৩(ঘ) এ ‘১৫ (পনের) বৎসরের’ এর পরিবর্তে ‘১২ (বার) বৎসরের’ এবং ‘৫ (পাঁচ) বৎসর’ এর পরিবর্তে ‘৩ (তিন) বৎসর’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) প্রবিধান ৩(ঙ) এ ‘১৫ (পনের) বৎসরের’ এর পরিবর্তে ‘১২ (বার) বৎসরের’ এবং ‘৩ (তিন) বৎসর’ এর পরিবর্তে ‘২ (দুই) বৎসর’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

09 APR 2023

মোহাম্মদ জয়নুল বারী

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(ঙ) প্রবিধান ৪ এর উপ-প্রবিধান (১) ও (২) নিম্নরূপভাবে উপ-প্রবিধান (১) ও (২) এ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ বা নিয়োগের নবায়ন চুক্তিভিত্তিক হইবে। কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃপক্ষের আইন, বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ ও উল্লেখপূর্বক বহুল প্রচলিত ১টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় পত্রিকায় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করিবে। যোগ্য আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে পরিচালনা পর্ষদ একজন যোগ্য প্রার্থীকে নিয়োগের জন্য নির্বাচন করিবে।

(২) কোন বীমা কোম্পানি উহার মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও নবায়নের পূর্বে কর্তৃপক্ষের নিকট নির্বাচিত প্রার্থীর জীবনবৃত্তান্ত, সম্মানী প্যাকেজ এবং তাহাকে নিয়োগের সুপারিশ সংক্রান্ত বোর্ড সভার কার্যবিবরণীসহ নিয়োগ বা নবায়নের আবেদনপত্র দাখিল করিবে।”;

(চ) প্রবিধান ৫(ক) এবং ৫(চ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) তিনি বাংলাদেশের নাগরিক বা ডমিসাইল না হন। তবে, বাংলাদেশে বীমা ব্যবসারত বিদেশে নিবন্ধিত কোম্পানি অথবা বিদেশে নিবন্ধিত কোম্পানির শতভাগ মালিকানাধীন বাংলাদেশি বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না;”

“(চ) তাহার বয়স সর্বোচ্চ ৬৭ (সাতষট্টি) বছর পূর্ণ হয়;”

(ছ) প্রবিধান ৫(ছ) এর পর নিম্নরূপ নতুন প্রবিধান ৫ (জ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(জ) কোন বীমা প্রতিষ্ঠানে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে থাকাকালীন সময়ে কর্তৃপক্ষ কর্তৃক দোষী সাব্যস্ত হইলে;

(জ) প্রবিধান ৮ এর উপ-প্রবিধান (২) এর (খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(খ) মোট বেতন, মূল বেতন, বাড়ী ভাড়া এবং অন্যান্য ভাতাদি (ভবিষ্য তহবিল, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, বীমা, এক বা একাধিক ইনসেন্টিভ বোনাস (একবছরে মোট ইনসেন্টিভ বোনাস ১০ (দশ) লক্ষ টাকার অধিক হইবে না) ইত্যাদির পরিমাণ বা সীমা নিদিষ্ট অংকে উল্লেখ থাকিতে হইবে) সমন্বয়ে গঠিত হইবে।”;

(ঝ) প্রবিধান ৮ এর উপ-প্রবিধান (২)(ঘ) বিয়োজন হইবে;

কর্তৃপক্ষের আদেশক্রমে

09 APR 2023
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ